

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২০৯

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৫৫. মালিকানা (অভিভাবকত্ব) টেনে নেওয়া

باب جَرِّ الْوَلَاءِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ الْحَكَمِ عَنْ إِبْرَاهِيمَ قَالَ كَانَ شُرَيْحٌ لَا يَرْجِعُ عَنْ قَضَاءٍ يَقْضِي بِهِ فَحَدَّثَهُ الْأَسْوَدُ أَنَّ عُمَرَ قَالَ إِذَا تَزَوَّجَ الْمَمْلُوكُ الْحُرَّةَ فَوَلَدَتْ أَوْلَادًا أَوْلَادًا أَحْرَارًا ثُمَّ عُتِقَ بَعْدَ ذَلِكَ رَجَعَ الْوَلَاءُ لِمَوَالِي أَبِيهِمْ فَأَخَذَ بِهِ شُرَيْحٌ

বাংলা

৩২০৯. ইবরাহীম (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, শুরাইহ কোনো মামলার রায় দিয়ে দিলে তিনি তা থেকে আর প্রত্যাবর্তন করতেন না। কিন্তু আসওয়াদ যখন তার নিকট বর্ণনা করলেন যে, উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেছেন: যখন কোনো দাস কোনো স্বাধীনা নারীকে বিয়ে করে, আর সে নারী স্বাধীন সন্তান জন্ম দেয়, অত:পর সে লোকটি স্বাধীন হয়ে গেলে (সেই সন্তানদের) মালিকানা (অভিভাবকত্ব) তাদের পিতার মালিক/মনিবের নিকট ফিরে যাবে।' তখন শুরাইহ এ মত গ্রহণ করলেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বাইহাকী, ওয়ালা ১০/৩০৭; আব্দুর রাযযাক নং ১৬২৮৭; ইবনু আবী শাইবা ১১/৩৯৯ নং ১১৫৮৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইব্রাহীম আন-নাখঈ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন